

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৭৭.২৩ নথির বিষয়: Repair & maintenance of Transformer Fencing net for 11/0.44kv electric substation at different pump station under MODS circle-2 DWASA

নোট: ১ নোটের বিষয়: Repair & maintenance of Transformer Fencing net for 11/0.44kv electric substation at different pump station under MODS circle-2 DWASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৯/৭/২৩ ৫:৫৬ অপরাহ্ন

অত্র বিভাগের অধীনে মডস সার্কেল-২ অর্থাৎ মডস জোন-৪/৫/৮/৯/১০ এর ৪৩১টি পাম্প স্টেশনে ২২৫টি ডুয়াল কুপসহ ৬৫৬টির অধিক কুপ পাম্প-মোটর চালু আছে। এর মধ্যে ১১২টি পাম্প-স্টেশনে বৈদ্যুতিক ডুয়াল সংযোগ বিদ্যমান। প্রতিটি পাম্প-স্টেশনে ইনভার্টার/ভিএফডি, এলটি প্যানেল স্টার্টার, পিএফআই প্লাস্ট, ও অন্যান্য আনুষঙ্গিক বৈদ্যুতিক ও যান্ত্রিক সরঞ্জামাদির মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। মডস সার্কেল-২ এর আওতাধীন ১১২টি ডুয়াল সংযোগের ট্রান্সফরমার সহ সর্বমোট- ৫৪৩টি ট্রান্সফরমার বিদ্যমান রয়েছে। প্রতিটি ট্রান্সফরমারের নিরাপত্তার জন্য নিরাপত্তা বেষ্টিত রয়েছে। এই বিপুল পরিমাণ পাম্প স্টেশনের ইলেকট্রিক সাব-স্টেশন অনেক দিনের পুরাতন হওয়ায় বেশকিছু ট্রান্সফরমারের বেষ্টিত ভেঙ্গে ট্রান্সফরমার অরক্ষিত অবস্থায় রয়েছে। যার কারণে বিভিন্ন সময় বিড়াল সহ বিভিন্ন পশু পাখি ট্রান্সফরমারের বেষ্টিতের ভিতর প্রবেশ করায় এইচটি-এলটি ফল্ট সহ বড় ধরনের দুর্ঘটনা ঘটে। চলমান শুষ্ক মৌসুমে পানির পাম্প সমূহে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে ডেসকো হতে প্রাপ্ত চিঠির প্রেক্ষিতে পাম্প স্টেশন সমূহ পরিদর্শন করতঃ বৈদ্যুতিক ট্রান্সফরমারের নিরাপত্তার জন্য নিরাপত্তা বেষ্টিত ক্রটিপূর্ণ পাওয়া গিয়েছে। যার দরুন বেশ কিছু পাম্প স্টেশনের ইলেকট্রিক সাব-স্টেশনের ট্রান্সফরমারের বেষ্টিত মেরামত করতে হবে। তাছাড়া বেষ্টিতের মধ্যে আগাছা/গাছ থাকায় ডেসকোর মাধ্যমে শাট-ডাউন নিয়ে ক্লিনিং করার প্রয়োজন রয়েছে। সাব-স্টেশনের অভ্যন্তরে জন্মানো আগাছা/গাছ বর্ষা মৌসুমে ঝড় বৃষ্টির সময় ট্রান্সফরমারের সংস্পর্শে এসে এইচটি ফল্ট ঘটায়। সেই কারণে যে সকল সাব-স্টেশনে আগাছা/ গাছ রয়েছে তা কেটে অপসারণ করার জন্য ডেসকোর সংশ্লিষ্ট বিভাগ হতে অনুরোধ করা হয়েছে। নিরবিচ্ছিন্ন পানি সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যে পাম্প স্টেশনের সাব-স্টেশনের অভ্যন্তরে জন্মানো আগাছা/গাছ ক্লিনিং ও ক্রটিপূর্ণ ট্রান্সফরমারের বেষ্টিত মেরামত করতে হবে (ট্রান্সফরমারের ফেন্সিং মেরামত কাজের তালিকা)। উপরোক্ত বর্ণনার আলোকে মডস সার্কেল-২ এর আওতাধীন বিভিন্ন পাম্প-স্টেশনের বৈদ্যুতিক স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ট্রান্সফরমার বেষ্টিত মেরামত কাজে পূর্বনুমোদিত দরের ভিত্তিতে আলোচ্য কাজের একটি প্রাক্কলন করা তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে =৪,৯৬,৯১৫.৫৯৫/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত পনের দশমিক পাচ নয় পাচ) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৪৩, প্যাকেজ নং-পিডরিউ-৩৭ এ অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ১। অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ২। ২। ট্রান্সফরমারের ফেন্সিং মেরামত কাজের তালিকা।
- ৩। ৩। পূর্বনুমোদিত দরের কপি।
- ৪। ৪। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।


অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৯/৭/২৩ ৫:৫৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র LTM (e-GP) পদ্ধতিতে আহবান করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৯/৭/২৩ ৫:৫৮ অপরাহ্ন


এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repair & maintenance of Transformer Fencing net for 11/0.44kv electric substation at different pump station under MODS circle-2 DWASA কাজে উপস্থাপিত মোট =৪,৯৬,৯১৫.৫৯৫/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত পনের দশমিক পাচ নয় পাচ) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) এ দরপত্র আহবান করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে।


১৯/৭/২৩ ৫:৫৮ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২


১৯/৭/২৩ ৭:৪৪ অপরাহ্ন
মোঃ মাহবুবুল হক প্রামানিক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২


১৯/৭/২৩ ৮:১১ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২


২০/৭/২৩ ৮:০৭ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল


২০/৭/২৩ ৮:০৭ অপরাহ্ন
মোঃ কামরুল হোসেন
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৭/২৩ ৬:২৫ অপরাহ্ন


অনুমোদিত



২৫/৭/২৩ ৬:২৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৫/৭/২৩ ৬:৩২ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



২৬/৭/২৩ ৯:৫১ পূর্বাহ্ন
মোঃ মাহবুবুল হক প্রামানিক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২



২৬/৭/২৩ ১০:৫১ পূর্বাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা